দৈনিক ইত্তেফাক

তারিখ ১১ MAY 2015
পৃষ্ঠা [illegible] কলাম [illegible]

# কাল সকল শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র ইউনিয়নের ধর্মঘট

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

পহেলা বৈশাখে টিএসসি এলাকায় যৌন হয়রানির ঘটনার বিচারের দাবিতে ডিএমপি কমিশনারের কার্যালয় ঘেরাও কর্মসূচিতে পুলিশি হামলা ও আটকের প্রতিবাদে আগামীকাল মঙ্গলবার দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মঘটের ডাক দিয়েছে ছাত্র ইউনিয়ন। একইসাথে ঘটনার প্রতিবাদে আজ সোমবার দেশব্যাপী বিক্ষোভ সমাবেশ ও বিকেল চারটায় বিশ্ববিদ্যালয়ের রাজু ভাস্কর্যে বিক্ষোভ সমাবেশেরও ঘোষণা দেয়া হয়েছে।

গতকাল রবিবার বিকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এ তথ্য জানান ছাত্র ইউনিয়ন সভাপতি হাসান তারেক।